

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭৫৩ ১৭/ হক ও অধিকার পরিচ্ছেদঃ আত্মীয়তা অক্ষুন্ন রাখার গুরুত্ব

আরবী

وَ عَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِنَّكُمْ سَتَفْتَحُونَ أَرْضاً يُذْكَرُ فِيهَا القِيرَاطُ وَفِيْ رِوَايَةٍ سَتَفْتَحُونَ مِصْرَ وَهِيَ أَرْضٌ يُسَمَّى فِيهَا القِيراطُ فَاسْتَوْصُوا بِأَهْلِهَا خَيْراً ؛ فَإِنَّ لَهُمْ ذِمَّةً وَرَحِماً وَفِيْ رِوَايَةٍ فَإِذَا افتَتَحتُمُوهَا فَأَحسِنُوا إِلَى أَهلِهَا ؛ فَإِنَّ لَهُم ذِمَّةً وَرَحِماً أَوْ قَالَ ذِمَّةً وصِهْراً رواه مسلم

বাংলা

(১৭৫৩) আবৃ যার (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা অদূর ভবিষ্যতে এমন এক এলাকা জয় করবে, যেখানে কীরাত্ব (এক দীনারের ২০ ভাগের একভাগ স্বর্ণমুদ্রা) উল্লেখ করা হয়।

অন্য এক বর্ণনায় আছে, তোমরা অচিরে মিসর জয় করবে এবং এটা এমন ভূখণ্ড যেখানে কীরাত্ব (শব্দ) সচরাচর বলা হয়। (সেখানে ঐ মুদ্রা প্রচলিত।) তোমরা তার অধিবাসীদের সাথে ভাল ব্যবহার করো। কেননা, তাদের প্রতি (আমাদের) দায়িত্ব (অধিকার ও মর্যাদা) এবং আত্মীয়তা রয়েছে।

অন্য এক বর্ণনায় আছে, সুতরাং যখন তোমরা তা জয় করবে, তখন তার অধিবাসীর প্রতি সদ্যবহার করো। কেননা, তাদের প্রতি (আমাদের) দায়িত্ব (অধিকার ও মর্যাদা) এবং আত্মীয়তা রয়েছে।" অথবা বললেন, "দায়িত্ব (অধিকার ও মর্যাদা) এবং বৈবাহিক সম্পর্ক রয়েছে। (মুসলিম ৬৬৫৭-৬৬৫৮)

ফুটনোট

* উলামাগণ বলেন, তাদের সাথে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আত্মীয়তা এভাবে যে, ইসমাঈল (আঃ)-এর মা হাজার (বা হাজেরা) তাদেরই বংশের ছিলেন। বৈবাহিক সম্পর্ক এভাবে যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পুত্র ইব্রাহীমের মা মারিয়াহ তাদের বংশের ছিলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=65501}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন